বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email: dgmicd@krishibank.org.bd

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকাঃঅনিবি- প্রশা- ৪৪/২০১৭- ২০১৮/ ৩৫২৯

তারিখঃ ২৭- ০৭- ২০১৭খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক শাখা পরিদর্শনকালে প্রাপ্ত ঋণ ও অগ্রিম সংক্রান্ত বিভিন্ন অনিয়ম প্রসংগে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের মনিটরিং ইউনিটের আওতায় গঠিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলের নিকট শাখা পরিদর্শনকালে ঋণ ও অগ্রিম সংক্রান্ত নিম্নোক্ত বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হয়েছেঃ

ক) অনেক ঋণ নথিতে দেখা গেছে বন্ধকী সম্পত্তির মৌজা রেটের কপি থাকে না। এক্ষেত্রে গৃহীত বন্দকী সম্পত্তির প্রকৃত মুল্য নির্ধারণপূর্বক গ্রহন করা হয়েছে কিনা তা নিরুপন করা যায় না।

খ) তাছাড়া নিম্নবর্নিত অনিয়মগুলো পরিলক্ষিত হয়েছেঃ
- ১২ বছরের তল্লাসী ও দায়মুক্তির সনদ নেই।
- খাজনার রসিদ যাচাইকৃত নয়।
- ইউটিলাইজেশন রিপোর্টে ব্যবস্থাপকের স্বাক্ষর নেই।
- বন্ধকী দলিলে ঋণগ্রহীতার ও সনাক্তকারীর টিপসই নাই।
- আইডি কার্ড সত্যায়িত নাই।
- বন্ধকী দলিলে চৌহদ্দির বর্ননা নাই।
- এছাড়া কিছু বিশেষ ফসল চাষের ঋণ মঞ্জুরীর বিষয়ে মাঠকর্মীর প্রত্যয়ন অপরিহার্য হলেও সংশ্লিষ্ট ঋণনথিতে তা পাওয়া যায় না। যেমন আদা ও কলা চাষ ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে।
- শাখাগুলোতে যথাযথ ও সঠিকভাবে ঋণের আবেদন, ঋণ আদায়, বিতরণ, সেইফ ফাইল, ৫২ স্থগিত সুদের রেজিষ্টার সংরক্ষন করে না।
- লেটার অফ রিভাইভাল, লেটার অফ কনটিউনিটি, লেটার অফ একসেপটেন্স, ১০০/-টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্প এর পরিবর্তে ৫০/-টাকার ষ্ট্যাম্পে গ্রহন করা হয়েছে।

০২। বিকেবি, প্রধান কার্যালয়ের গবেষনা ও পরিসংখান বিভাগের ২৯-০৩-২০১৬ তারিখের পত্র নং-প্রকা/গবে ও পরি-৪৬(৫)/সিআইবি/২০১৫-২০১৬/৩১৫৫(৭০) এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা শস্য ও ফসল চাষের জন্য ১.৫০লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণ ব্যতিত ৫০,০০০/- টাকা ও তদুর্ধ সকল ঋণের তথ্য CIB Database এ অন্তর্ভূক্ত করার এবং প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২ এর ৩১-১০-১৬ তারিখের নং/প্রকা/প্রনিবি- ২/নিরীক্ষা- ২৩(১)/২০১৬- ২০১৭/৭৬০নং পত্রের মাধ্যমে সকল বিভাগীয় ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদেরকে শাখা নিরীক্ষাকালে প্রযোজ্য ক্ষেত্রে অনুকুল সিআইবি গ্রহন ব্যাতিরেকে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করা হয়েছে কিনা, মঞ্জুরোত্তর ডাটাবেইস সৃষ্টি করা হয়েছে কিনা তার তথ্য যাচাই বাছাই করতঃ নিরীক্ষা প্রতিবেদনে যথাযথভাবে অর্ন্তভুক্তকরণসহ প্রয়োজনীয় সারসংক্ষেপ বিভাগীয় মহাব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগনকে অবহিত করার পরামর্শ প্রদান করা হয়।

০৩। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ২৮-১১-২০১৬ তারিখের ১৬তম সভায় উল্লেখিত বিষয়ে আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ বিগত ২১-১২-২০১৬ তারিখে নং-প্রকা/অনিবি-প্রশা-৪৪/২০১৬-২০১৭/ ৫৩৩নং পত্রের মাধ্যমে সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগনকে তাদের নিয়ন্ত্রণাধীন সকল শাখাকে শস্য ও ফসল চাষের জন্য ১.৫০লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণ ব্যতিত ৫০,০০০/- টাকা ও তদুর্ধ সকল ঋণের তথ্য CIB Database এ অন্তর্ভূক্ত করার ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয়। তথাপি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলের নিকট শাখা পরিদর্শনকালে অধিকাংশ শাখার শস্য ও ফসল চাষের জন্য ১.৫০লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণ ব্যতিত ৫০,০০০/- টাকা ও তদুর্ধ সকল ঋণের তথ্য CIB Database এ অন্তর্ভূক্ত পাওয়া যায় নাই। এর ফলে বাংলাদেশ ব্যাংকে প্রেরীত তথ্যে গরমিল থাকার কারনে ব্যাংকের ভাবমুর্তি ক্ষুন্ন হচ্ছে। উল্লেখ্য যে, সিআইবি গ্রহনের পর ঋণ মঞ্জুর করে ঋণ বিতরণের পর সিআইবি ডাটাবেইসে অন্তর্ভূক্ত করতে হয়।

০৪। এমতাবস্থায় বর্ণিত অনিয়ম সমূহের পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে আপনাদের নিয়ন্ত্রণাধীন সকল কার্যালয়সমুহকে যথাযথ নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনাদেরকে বিনীত অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৭/০৭/২০১৭
(লুৎফুন নাহার নাজ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ- ১/২ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিষ্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।